গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ এলজিইডি'র ইনোভেশন টিম-এর ডিসেম্বর, ২০২৩ মাসের সভার কার্যবিবরনী।

সভাপতি	মোঃ জসিম উদ্দিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)
সভার তারিখ	**১২ ডিসেম্বর, ২০২৩।**
সভার সময়	**সকাল ১০.০০ ঘটিকা**
স্থান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) এর কার্যালয়, লেভেল-৬, এলজিইডি ভবন, এলজিইডি।
উপস্থিতি	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ (সংযুক্তি-১)

২০২৩-২৪ অর্থবছরে এলজিইডিতে গৃহীত ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত এলজিইডি'র ইনোভেশন টিম-এর ৩য় সভা বিগত ১২/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব মোঃ জসিম উদ্দিন। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

এজেন্ডা – ০১: এলজিইডি'র ইনোভেশন টিম-এর অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে, ইনোভেশন টিম-এর বিগত অক্টোবর-২০২৩ মাসের সভায় আট (০৮) টি সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী কতখানি কাজ বাস্তবায়ন করা হয়েছে এই ব্যাপারে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল ইনোভেশন টিমের পক্ষ থেকে তাদের উপস্থাপনা প্রদান করবে।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) মোঃ মাহবুব আলম বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব বলেন যে, বিগত সভায় ২০২৩-২৪ অর্থবছরের জন্য 'অনলাইন ভিত্তিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরের আবেদন স্থানীয় সরকার বিভাগে অগ্রায়ন বিষয়ক সেবা' চালু করা, এই উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করার জন্য ০৫ সদস্যবিশিষ্ট একটি সাব-কমিটি গঠন করে Timeframe নির্ধারণ করে দেওয়া হয়েছে। সাব-কমিটি সেই মোতাবেক কাজ করছে। সাব-কমিটির সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন এবং তারা একটি উপস্থাপনা দেন। সাব-কমিটি জানায় যে, এই কাজটি এলজিইডি'র PMIS সিস্টেমের সাথে Integration করে তৈরি করা হচ্ছে। পেনশনের জন্য যে ফর্মসমূহ লাগে সেগুলো PMIS সিস্টেমে ইতোমধ্যে Integration করা হয়েছে, আর একটি ফরম (Expected Last Payment Certificate i.e. ELPC) ফরমটি PMIS সিস্টেমে ডেভেলপ করতে হবে। PMIS সিস্টেমের মাধ্যমে অবসরগামী কর্মকর্তা অবসর গ্রহণের জন্য আবেদন দাখিল প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় Document গুলো স্বয়ংক্রিয়ভাবে তৈরি করা যাবে। এই সিস্টেমের এলজিইডি অংশের আবেদন প্রক্রিয়ার কাজ সম্পন্ন করা। তাহলে সম্পূর্ণ সিস্টেমটা কাজ করবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, 'এলজিইডি'র কর্মকর্তা ও কর্চারীদের পেনশন ও আনুতোষিক মঞ্জুর' বিষয়ক সেবাটি এলজিইডি'র PMIS সিস্টেমের সাথে Integration করা হলে এলজিইডি'র পেনশন প্রত্যাশী কর্মকর্তা- কর্মচারীদের জন্য আবেদন প্রক্রিয়া অনেক সহজ হবে। তিনি এই সিস্টেমটা ডেভেলপ করার কাজ দ্রুত শেষ করতে বলেন।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব জানান যে, ইনোভেশন শোকেসিং এর ব্যাপারে মন্ত্রণালয়ের ইনোভেশন অফিসারের সাথে আলাপ করেছেন জানা গেছে যে, আগামী জানুয়ারি-২০২৪ মাসের ১৯ তারিখের দিকে মন্ত্রণালয়ে ইনোভেশন শোকেসিং করার পরিকল্পনা আছে এবং সেখানে এলজিইডি'র এই অর্থবছরের ইনোভেশন কার্যক্রম উপস্থাপন করতে হবে।

ইনোভেশন অফিসার ২০২৩-২৪ অর্থবছরের জন্য গৃহীত 'এলজিইডি'র কর্মকর্তা ও কর্চারীদের পেনশন ও আনুতোষিক মঞ্জুর' বিষয়ক সেবাটি সহজিকরণের কাজ ডিসেম্বর-২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করে আগামী জানুয়ারি-২০২৪ মাসের ১ম সপ্তাহে এলজিইডিতে শোকেসিং করার ব্যাপারে প্রস্তাব দেন। টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব বলেন যে, বিগত সভায় ২০২১-২২ অর্থবছর পর্যন্ত ইত:পূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের

ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহের লিঙ্কের সাথে ২০২২-২৩ অর্থবছরের ডিজিটাইজকৃত সেবার তথ্য হালনাগাদকরণের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ইত:পূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদ করা হয়েছে এবং প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সময়মত ইনোভেশনের ডাটাবেজ হালনাগাদ করার জন্য গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলকে ধন্যবাদ জানান এবং নিয়মিত ত্রৈমাসিক ভিত্তিতে ডাটাবেজ হালনাগাদকরণ এবং প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ব্যাপারে ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব জানান যে, ইনোভেশন শোকেসিং এর ব্যাপারে মন্ত্রণালয়ের ইনোভেশন অফিসারের সাথে আলাপ করেছেন এবং তিনি জানিয়েছেন যে, যেসকল ইনোভেশন কাজ হয়েছে এবং হচ্ছে সেগুলো এলজিইডির সকলকে মিটিং করে জানাতে হবে এবং ইনোভেশন সংক্রান্ত এলজিইডি'র যেসকল প্রকাশনা আছে সেগুলো শোকেসিং এর আয়োজন করতে হবে। এছাড়া, মাঠ পর্যায়ের ইনোভেশন অ্যাকশন প্ল্যান অনুযায়ী জেলাগুলোকে ইনোভেশন শোকেসিং আয়োজনের ব্যাপারে চিঠি প্রেরণ করা হয়েছে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, এলজিইডি ভবনের ৪র্থ তলায় কনফারেন্স রুমের পাশের ফাঁকা জায়গায় ইনোভেশোন শোকেসিং এর জন্য ব্যবহার করার ব্যাপারে প্রস্তাব দেন। টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন। ইনোভেশন অফিসার ইনোভেশোন শোকেসিং এর জন্য ইনোভেশন টিম ও আইসিটি ইউনিটকে নির্দেশনা দেন এবং ইনোভেশন শোকেসিং এর জন্য জায়গা নির্ধারণের ব্যাপারে অনুমতির জন্য প্রধান প্রকৌশলী বরাবর নোট উপস্থাপনের জন্য ইনোভেশন টিম-এর সদস্য-সচিবকে নির্দেশ দেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০৪ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব জানান যে, বিগত সভায় ই-নথির ব্যবহার বৃদ্ধির ব্যাপারে মাসিক সমন্বয় সভা আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরো জানান যে, ২০১৯ সালে ই-নথি সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য মোট সাত (০৭) টি কার্যক্রম চিহ্নিত করে তৎকালীন প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একাধিকবার পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু ই-নথির ব্যবহার আশানোরুপ বৃদ্ধি পাচ্ছেনা।

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জনাব শাহীনূর ফেরদৌস বলেন যে, সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনের ৪র্থ অংশে '৪.২২ঃ ই-নথি ও ইন্টেরনেট ব্যবহারে আগ্রহ ও দক্ষতা' নামে একটা ইনডিকেটর আছে, সুতরাং কোনো অফিসারের বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলের সময় অনুবেদন প্রদানকারী কর্মকর্তাকে অনুবেদনাধীন কর্মকর্তার ই-নথি ব্যবহারে আগ্রহ ও দক্ষতা সংক্রান্ত তথ্যাদি দিতে হবে। সেক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তার মূল্যায়ন মার্ক্সের সাথে এটার সম্পর্ক আছে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

টিমের সকল সদস্যের মতামতের প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এলজিইডির প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে সকল কার্যালয় প্রধানদের অধীনস্ত কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদানের ক্ষেত্রে ই-নথি ব্যবহারে আগ্রহ ও দক্ষতার বিষয়টি বিবেচনা করে মূল্যায়ন করার ব্যাপারে নির্দেশনা পত্র প্রেরণের প্রস্তাব দেন। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০৫ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত এলজিইডি সদর দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করে, কিন্তু মাঠ পর্যায়ে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ হচ্ছেনা। সহকারী প্রকৌশলী জনাব তানজিলা ইসলাম জানান যে, মাঠ পর্যায়ে কার্যালয় প্রধানগণকে নিজ নিজ কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং বার্ষিক কর্মপরিকল্পনাঃ২০২৩-২৪ এর লক্ষমাত্রা অনুযায়ী ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করার জন্য একাধিকবার চিঠি পাঠানো হয়েছে, কিন্তু মাত্র ২৪টি জেলা ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করেছে, বাকী জেলাগুলো থেকে এখনো পর্যন্ত কোনো উত্তর আসেনি।

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জনাব রকিবুল হাসান জানান যে, মাঠ পর্যায়ে তথ্য বাতায়ন হালনাগাদের অথোরিটি এলজিইডি সদর দপ্তরের কাছে নেই, মাঠ পর্যায়ে কার্যালয় প্রধানগণ নিজ নিজ কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ করবেন।

ইনোভেশন অফিসার মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণসহ ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত সমস্যাসমূহ প্রধান প্রকৌশলী মহোদয়কে অবহিতকরণের জন্য ইউ-নোট উপস্থাপন করতে বলেন, এছাড়া এলজিইডির সদর দপ্তরের সকল ইউনিটকে এলজিইডি ওয়েব সাইটে নিজ নিজ কার্যালয়ের তথ্য হালনাগাদকরণের জন্য চিঠি প্রেরণ করতে বলেন। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০৬ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে থাকে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য আইসিটি ইউনিটকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও যেন আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে সে ব্যাপারে সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) কে অনুরোধ জানান।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০৭ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/ সভা/সেমিনার আয়োজনের নিমিত্ত এলজিইডি'র প্রশিক্ষণ ইউনিটের সাথে আলাপ করা হয়েছে। তারা জানিয়েছে যে, ২০২৩-২৪ অর্থবছরে ট্রেনিং ক্যালেন্ডারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২টি কর্মশালা আয়োজনের জন্য শিডিউল রাখা আছে। যেহেতু কর্মশালা ০২টি রাজস্ব বাজেট থেকে আয়োজন করা হবে এবং ২০২৩-২৪ অর্থবছরে ১ম ও ২য় কিস্তিতে প্রাপ্ত অর্থ দিয়ে এই কর্মশালা আয়োজন করা যাবেনা, কিন্তু ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ দিয়ে এই কর্মশালা ০২টি আয়োজন করা যাবে, সেক্ষেত্রে জানুয়ারি মাসের পরে হয়তো আয়োজন করা সম্ভব হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলকে নিয়মিত প্রশিক্ষণ ইউনিটের সাথে যোগাযোগ করা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২টি কর্মশালা অতিসত্বর আয়োজন করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

অক্টোবর-২০২৩ মাসের সভায় গৃহীত ০৮ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, এলজিইডি'র জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন-৩ প্রকল্পের প্রকল্প পরিচালক মোঃ আমিরুল ইসলাম খানকে আহবায়ক করে নয় সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছে এবং একটি খসড়া কর্মপরিকল্পনা তৈরি করছে।

কমিটির আহবায়ক ও ৩ জন সদস্য এই সভায় উপস্থিত ছিলেন এবং তারা খসড়া কর্মপরিকল্পনার উপরে একটি উপস্থাপনা দেন। উপস্থাপনা ও

আলোচনা শেষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জানান যে, এলজিইডি'র জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা নিয়ে আরো বিশদভাবে আলোচনা করার প্রয়োজন আছে, আগামী ১৮.১২.২০২৩ তারিখ উক্ত কমিটির সকল সদস্য ও ইনোভেশন টিমের সকল সদস্যদের নিয়ে আরেকটি মিটিং করা যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

বিবিধ আলোচনাঃ

সিস্টেম এনালিস্ট জনাব প্রশান্তকুমার কবিরাজ এলজিইডি ভবনের নিচে Information Display Board এ কর্মকর্তাদের রুম-ভিত্তিক ঠিকানা দেয়া থাকলে দর্শনার্থীদের জন্য সুবিধা হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এলজিইডির প্রত্যেক ফ্লোরে কার্যালয়সমূহে কর্মকর্তাদের চেম্বারগুলো রুম নম্বর দিয়ে ডিস্ট্রিবিউশন করার জন্য ইনোভেশন টিমের পক্ষ থেকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) বরাবর চিঠি দেয়ার প্রস্তাব করেন। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) ইনোভেশন কর্যক্রমের সাথে এলজিইডির সকল ইউনিটসমূহকে সম্পৃক্ত করার জন্য টিমের নিকট প্রস্তাব করে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য একমত পোষণ করেন।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

ক্রম নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
০১।	এলজিইডির কর্মকর্তা ও কর্চারীদের পেনশন ও আনুতোষিক মঞ্জুর' বিষয়ক সেবাটি সহজিকরণ এবং অনলাইন ভিত্তিক সেবা চালুকরণের লক্ষ্যে গৃহীত ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করার নিমিত্ত গঠিত সাব-কমিটি কাজ করছে এবং আগামী ১লা জানুয়ারি, ২০২৪ তারিখে ইনোভেশন শোকেসিং করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	ইনোভেশন টিম ও আইসিটি ইউনিট
০২।	ইত:পূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ এবং ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম
০৩।	এলজিইডি সদর দপ্তরে ইনোভেশন শোকেসিং এর জন্য জায়গা নির্ধারণের ব্যাপারে অনুমতির জন্য প্রধান প্রকৌশলী বরাবর নোট উপস্থাপন করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম
০৪।	ই-নথির ব্যবহার বৃদ্ধি করার ব্যাপারে এলজিইডির প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে সকল কার্যালয় প্রধানদের অধীনস্ত কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদানের ক্ষেত্রে ই-নথি ব্যবহারে আগ্রহ ও দক্ষতার বিষয়টি বিবেচনা করে মূল্যায়ন করার ব্যাপারে নির্দেশনা পত্র প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম
০৫।	মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণসহ ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত সমস্যাসমূহ প্রধান প্রকৌশলী মহোদয়কে অবহিতকরণের জন্য ইউ-নোট উপস্থাপন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এলজিইডির সদর দপ্তরের সকল ইউনিটকে এলজিইডি ওয়েব সাইটে নিজ নিজ কার্যালয়ের তথ্য হালনাগাদকরণের জন্য চিঠি প্রেরণ করতে হবে।	আইসিটি ইউনিট ও সদস্য-সচিব, ইনোভেশন টিম
০৬।	এলজিইডির আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	আইসিটি ইউনিট
০৭।	প্রশিক্ষণ ইউনিটের সাথে যোগাযোগ করা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২টি কর্মশালা অতিসত্বর আয়োজন করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম
০৮।	এলজিইডি'র জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত গঠিত কমিটি আগামী ১৮.১২.২০২৩ তারিখে ইনোভেশন টিমের সাথে খসড়া কর্ম-পরিকল্পনা নিয়ে একটি আলোচনা সভা করবে।	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত গঠিত কমিটি ও ইনোভেশন টিম

০৯।	এলজিইডির প্রত্যেক ফ্লোরে কার্যালয়সমূহে কর্মকর্তাদের চেম্বারগুলো রুম নম্বর দিয়ে ডিস্ট্রিবিউশন করার জন্য সুপারিশ করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) বরাবর চিঠি প্রেরণের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম
১০।	ইনোভেশন কর্যক্রমের সাথে এলজিইডির সকল ইউনিটসমূহকে সম্পৃক্ত করার জন্য চিঠি দেয়ার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

১৯-১২-২০২৩
মোঃ জসিম উদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)
+৮৮০ ২ ৯১২৭১৫৮ (ফোন)
+৮৮০ ২ ৯১২২৪৩৪ (ফ্যাক্স)
planning@lged.gov.bd

তারিখ: ৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.৬০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। (সদয় জ্ঞাতার্থে)।;
২। পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। (সদয় জ্ঞাতার্থে)।;
৩। ইনোভেশন টিম, এলজিইডি। (সদয় কার্যার্থে);
৪। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি, এলজিইডি। (সদয় কার্যার্থে) এবং
৫। ইনোভেশন সাব-কমিটি-২০২৩-২৪, এলজিইডি। (সদয় কার্যার্থে)।

১৯-১২-২০২৩
মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী